

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী
(গোপনীয় শাখা)
www.rajshahidiv.gov.bd

স্মারক নং-০৫.৪৩.০০০০.০০২.০৫.০১২.২২.১৫৬

তারিখ : ২০ সেপ্টেম্বর ২০২২

জি এস এম জাফরউল্লাহ্ এনজিসি, বিভাগীয় কমিশনার, রাজশাহী কর্তৃক বগুড়া জেলার সদর উপজেলাধীন নিশিন্দারা ইউনিয়ন
ভূমি অফিস দর্শন প্রতিবেদন

গত ১৪/০৯/২০২২ খ্রি. তারিখ বেলা ৩-৪টায় নিম্নস্বাক্ষরকারী বগুড়া জেলার সদর উপজেলাধীন নিশিন্দারা ইউনিয়ন ভূমি অফিস দর্শন করি। দর্শনকালে জেলা প্রশাসক, বগুড়া জনাব মোঃ জিয়াউল হক, উপজেলা নির্বাহী অফিসার, বগুড়া সদর জনাব সমর কুমার পাল, সহকারী কমিশনার (ভূমি) জনাব মোঃ নাছিম রেজা এবং ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তাসহ অন্যান্য কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

- অফিসটি নিজস্ব, সেমিপাকা, পরিস্কার পরিচ্ছন্ন এবং রেকর্ড সংরক্ষণ সুবিন্যস্ত।
- সিটিজেন চার্টার দৃশ্যমান। সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করা হচ্ছে।
- অফিসের মঞ্জুরীকৃত মোট পদের সংখ্যা ০৪টি এবং ৩ জন কর্মরত রয়েছেন, ১টি পদ শূন্য রয়েছে। কর্মচারীদের মধ্যে দায়িত্ব বন্টন করা আছে।
- হাজিরা খাতাটি নির্ধারিত ছকে ব্যবহৃত হচ্ছে এবং নৈমিত্তিক ছুটির হিসাব সংরক্ষণ করা হচ্ছে।
- ভূমি অফিসের অধীন মৌজা সংখ্যা ৩টি। মৌজা ম্যাপ সংখ্যা ৩টি। মোট আরওআর বহি ২০টি, ভালো ১৮টি, হেঁড়া ২টি। আরওআর বহি দৃষ্টে প্রতীয়মান হয় যে, নামজারি আদেশ মোতাবেক আরওআর বহি সঠিকভাবে সংশোধন করা হচ্ছে।
- ২ নং রেজিস্টার (তলববাকী রেজিস্টার) দৃষ্টে দেখা যায়, লাল কালি দিয়ে দাবি নির্ধারণ করে আদায় করা হচ্ছে।
- ০৬ নং রেজিস্টার (সায়রাত রেজিস্টার) পর্যালোচনায় দেখা যায়, মোট হাট-বাজারের সংখ্যা ০১টি এবং তা ইজারা দেওয়া হয়েছে। ২০ একর পর্যন্ত জলমহালের সংখ্যা ১টি।
- ৮ নং রেজিস্টারটি (খাস জমি রেজিস্টার) নির্ধারিত ছক মোতাবেক ০৪টি খণ্ডে সঠিকভাবে সংরক্ষণ করা হচ্ছে। ২ মাস পূর্বে তথ্য হালনাগাদ করা হয়েছে। ১ম খণ্ডে জমির পরিমাণ ৮১.৪১ একর, ২য় খণ্ডে ০.৯২ একর এবং ৩য় খণ্ডে ৪০.৯৯ একর।
- ১২ নং রেজিস্টার (খাস জমি বন্দোবস্ত রেজিস্টার) সঠিকভাবে সংরক্ষণ করা হচ্ছে। মোট খাস জমির পরিমাণ ১২৩.৩৩ একর।
- ২৬ নং রেজিস্টারটি (পরিদর্শন রেজিস্টার) নির্ধারিত ছকে ব্যবহৃত হচ্ছে। জনাব মোঃ নাছিম রেজা, সহকারী কমিশনার (ভূমি), বগুড়া সদর গত ১২/০৯/২০২২ তারিখে অফিসটি সর্বশেষ পরিদর্শন করেছেন। পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনার আলোকে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।
- দেওয়ানী মামলা রেজিস্টারটি নির্ধারিত ছকে ব্যবহৃত হচ্ছে এবং সঠিকভাবে সকল ঘর পূরণ করা হচ্ছে। গত মাসে ৪টি এসএফ প্রেরণ করা হয়েছে। এ পর্যন্ত এসএফ প্রেরণের জন্য পেন্ডিং মামলার সংখ্যা ৩টি।
- ১টি সাধারণ গার্ড ফাইল ও ১টি পরিদর্শন গার্ড ফাইল সঠিকভাবে সংরক্ষণ করা হচ্ছে।
- গত অর্থ বছরে ভূমি উন্নয়ন করে সাধারণ দাবী ৬৬,৩৫,৪৬০/- টাকা, সংস্থার দাবী ১৯,৩৩,১৮৭/- টাকা। বর্তমান অর্থবছরের দাবি নির্ধারণের কাজ চলমান রয়েছে। ২৫ বিঘার নিচের জোত সংখ্যা ২৫,৭৯৮টি। ব্যবহার ভিত্তিক ভূমি উন্নয়ন কর নির্ধারণে সহকারী কমিশনার (ভূমি) এর অনুমোদন গ্রহণ করা হচ্ছে।
- পত্র প্রাপ্তি ও পত্র জারি রেজিস্টারের সকল কলাম সঠিকভাবে পূরণ করা হচ্ছে। গত ০১/০১/২০২২ খ্রি. তারিখ থেকে পরিদর্শনের তারিখ পর্যন্ত প্রাপ্ত পত্রের সংখ্যা ৭৯টি এবং পত্র জারির সংখ্যা ১৯৭টি। রেজিস্টারের সকল কলাম সঠিকভাবে পূরণ করা হচ্ছে।



সার্বিক মন্তব্য :

- রেজিস্টারসমূহ হালনাগাদের ধারা অব্যাহত রাখতে হবে।
- ভূমি উন্নয়ন কর সঠিকভাবে নির্ধারণ করতে হবে ও ধার্যকৃত ভূমি উন্নয়ন কর ১০০% আদায়ে সচেষ্ট থাকতে হবে।
- নামজারি মামলা সংক্রান্ত কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পন্ন করতে হবে এবং সহকারী কমিশনার (ভূমি) অফিস হতে তথ্য সংগ্রহ করে হালনাগাদ করতে হবে।
- প্রতিদিনের আদায়কৃত টাকা নিয়মিত ব্যাংকে জমা দিতে হবে। অনলাইন সিটিআর সংগ্রহ করতে হবে।
- সহকারী কমিশনার (ভূমি) নিয়মিত ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন করবেন। পরিদর্শন প্রতিবেদনে প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের বিষয়ে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করবেন।



২০.০৮.২২

জি এস এম জাফরউল্লাহ এনডিসি
বিভাগীয় কমিশনার
রাজশাহী

বিতরণ :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ)]
- ২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
- ৪। জেলা প্রশাসক, বগুড়া
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, বগুড়া সদর, বগুড়া
- ৬। সহকারী কমিশনার (ভূমি), বগুড়া সদর, বগুড়া
- ৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, নিশিন্দারা ইউনিয়ন ভূমি অফিস, বগুড়া সদর, বগুড়া